# NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম
# অংশগ্রহণের স্থিতির পরিবর্তন বিষয়ক তথ্য ও ফর্ম

## সেভ ফর কলেজ প্রোগ্রাম সম্পর্কে

NYC শিক্ষা বিভাগ (Department of Education, "DOE") NYC Kids RISE Save for College Program (সেভ ফর কলেজ প্রোগ্রাম) ("প্রোগ্রাম") এর ওপরে লাভের উদ্দেশ্যহীন সংস্থা NYC Kids RISE, Inc. এর সাথে অংশীদারি করেছে। এই বিনামূল্য প্রোগ্রামটি যোগ্যতাসম্পন্ন কলেজ এবং কর্মজীবনের প্রশিক্ষণের খরচগুলির জন্য অর্থ প্রদান করে। NYC Kids RISE প্রত্যেক শিক্ষার্থীর নামে একটি বিনামূল্য অ্যাকাউন্ট ("NYC Scholarship Account (NYC স্কলারশিপ অ্যাকাউন্ট)") খুলবে এবং যোগ্যতাসম্পন্ন কলেজ এবং কর্মজীবনের প্রশিক্ষণের খরচগুলির জন্য প্রত্যেক শিক্ষার্থীকে প্রোগ্রামের অ্যাকাউন্ট-এ $100 বরাদ্দ করবে। অর্থায়নের সাপেক্ষে, নিউ ইয়র্ক সিটি এবং DOE এই বছর প্রোগ্রামটিকে প্রসারিত করছে এবং আপনার সন্তানের স্কুলকে অন্তর্ভুক্ত করা হবে। আরো তথ্যের জন্য http://nyckidsrise.org/দেখুন।

## আমার বিকল্পগুলি কী কী?

আপনার যোগ্য শিক্ষার্থীর অংশগ্রহণ দেখা বা আপডেট করার সবচেয়ে সহজ উপায় হল আপনার NYC Schools Account (NYC Schools অ্যাকাউন্টর)দেখা। আপনি NYC Schools অ্যাকাউন্টর ভিতরে NYC স্কলারশিপ অ্যাকাউন্ট আপনার শিক্ষার্থীর বরাদ্দ করা অর্থ বাতিল বা পুনঃ-নথিভুক্ত করতে পারেন। যদি আপনি এই কাগজের ফর্ম ব্যবহার করে বাতিল বা পুনঃ-নথিভুক্ত করতে চান, তাহলে পড়তে থাকুন।

## যদি আপনার শিক্ষার্থীর কোনও NYC স্কলারশিপ অ্যাকাউন্ট না থাকে

পিতা-মাতা/অভিভাবক একজন যোগ্য শিক্ষার্থীকে তার পঞ্চম-গ্রেড বছর শেষ হওয়ার আগে যে কোনো সময় প্রোগ্রামে নথিভুক্ত করার অনুরোধ করতে পারেন। শিক্ষার্থী যদি তার পঞ্চম-গ্রেড বছর সম্পূর্ণ করে থাকে, তাহলে শিক্ষার্থী প্রোগ্রামে যোগদান করতে পারবে **না**, কোনও স্কলারশিপ ফান্ড পাবে না অথবা ভবিষ্যতে পুরস্কারের জন্য যোগ্য হবে না।

আপনি নথিভুক্ত করার অনুরোধটি একবার জমা দিলে, আপনি নিম্নলিখিত তথ্য NYC Kids RISE এবং তাদের প্রযুক্তি অংশীদার VistaShare এর সঙ্গে শেয়ার করার জন্য DOE-কে সম্মতি দেন। এই তথ্য NYC স্কলারশিপ অ্যাকাউন্টের জন্য প্রয়োজন:

- একজন শিক্ষার্থীর প্রোগ্রামের অনন্য সনাক্তকরণ নম্বর
- পুরো নাম
- জন্মতারিখ
- বাড়ির ঠিকানা
- বাড়ির ঠিকানার পরিবর্তন হয় কিনা
- বাড়ির ফোন নম্বর
- স্কুলের নাম
- বর্তমান গ্রেড লেভেল
- বাড়িতে যে ভাষায়(গুলিতে) কথা বলা হয়
- NYC সরকারি স্কুল ব্যবস্থার ভিতরে ও বাইরে উভয়েই অন্যান্য স্কুলে স্থানান্তর, যদি কিছু থাকে

**OFFICE NOTE:** ***Keep all returned Forms in the student's Cumulative Folder indefinitely.***

NYC Department of Education

# NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম অংশগ্রহণের স্থিতির পরিবর্তন বিষয়ক তথ্য ও ফর্ম

প্রতি শিক্ষার্থী পিছু দু'জন পর্যন্ত পিতা-মাতা/অভিভাবকের জন্য, NYC Kids RISE ও VistaShare এর নিম্নলিখিত প্রাপ্তবয়স্ক তথ্যও প্রয়োজন:

- পিতা-মাতার জন্য প্রোগ্রামের অনন্য সনাক্তকরণ নম্বর
- পুরো নাম
- ইমেল ঠিকানা
- সেল ও/বা অন্যান্য ফোন নম্বর

## যদি আপনার শিক্ষার্থীর কোনও NYC স্কলারশিপ অ্যাকাউন্ট থাকে

পিতা-মাতা/অভিভাবক যে কোনো সময় বাতিল করার সিদ্ধান্ত নিতে পারেন। এই ফর্ম বা আপনার শিক্ষার্থীর NYC Schools অ্যাকাউন্ট-এর মাধ্যমে একবার বাতিল করার অনুরোধ জমা দেওয়া হলে, আপনি NYC Kids RISE-কে সম্মতি দেন (1) আপনার শিক্ষার্থীর NYC স্কলারশিপ অ্যাকাউন্ট বন্ধ করতে, (2) NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম এর অ্যাকাউন্টে আপনার শিক্ষার্থীকে বরাদ্দ করা সমস্ত তহবিল NYC Kids RISE এর কাছে অপরিবর্তনীয়ভাবে স্থানান্তরিত করতে, (3) আপনার শিক্ষার্থীর তরফে তৈরি করা প্রতিটি সেভিংস ট্র্যাকার প্রোফাইল মুছে দিতে, (4) আপনার শিক্ষার্থীর সাথে সংশ্লিষ্ট ফাইলে থাকা প্রত্যেক প্রাপ্তবয়স্ককে এই মুছে দেওয়ার সম্পর্কে জানাতে, এবং (5) NYC Kids RISE এর নথিভুক্তি বাতিলকরণ নীতি ও প্রযোজ্য আইন অনুযায়ী, আপনার শিক্ষার্থীর অ্যাকাউন্ট এবং এর বাতিলকরণের সাথে সম্পর্কিত ঐতিহাসিক তথ্য সংরক্ষণ করতে। অনুগ্রহ করে মনে রাখবেন: আপনি যদি একটি পরবর্তী তারিখে আপনার সন্তানকে পুনরায় নথিভুক্ত করতে চান, তাহলে আপনার সন্তানের জন্য ভবিষ্যতে $100 বরাদ্দ করা হবে। কোনও পূর্ববর্তী অতিরিক্ত তহবিল অন্তর্ভুক্ত করা হবে না।

## আপনার শিক্ষার্থী কি বাতিল করার পরে NYC স্কলারশিপ অ্যাকাউন্টে একটি অর্থ বরাদ্দ পেতে পারে?

আপনার শিক্ষার্থী NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম এ নথিভুক্ত হওয়ার জন্য অনুরোধ করার যোগ্য এবং তার পঞ্চম গ্রেড বর্ষ শেষ হওয়ার আগে যে কোনো সময় শিক্ষার্থীর নামে একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট খোলার জন্য যোগ্য। আপনি পুনরায় নথিভুক্ত করার অনুরোধটি একবার জমা দেওয়ার পরে, আপনার শিক্ষার্থীর তথ্য NYC Kids RISE এবং তার প্রযুক্তি অংশীদার VistaShare এর সঙ্গে শেয়ার করা হবে। আপনার শিক্ষার্থীর জন্য একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট খোলা হবে, আপনার শিক্ষার্থীর জন্য $100 বরাদ্দ করা হবে, এবং সে পুরস্কার ও কমিউনিটি স্কলারশিপের জন্য যোগ্যতা অর্জন করবে।

## অংশগ্রহণের স্থিতির পরিবর্তন ফর্ম

একজন যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীর পিতা-মাতা বা অভিভাবক হিসেবে, আমি NYC Kids RISE ফর কলেজ প্রোগ্রাম এর স্কলারশিপ অংশে তার অংশগ্রহণের পরিবর্তন করতে চাই।

**আপনি যে পরিবর্তনটি করতে চান সেটির জন্য অনুগ্রহ করে বক্সে টিক দিন:**

- ☐ আমি NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম এর স্কলারশিপ অংশে আমার শিক্ষার্থীকে নথিভুক্ত করতে চাই। আমি NYC Kids RISE এবং তার প্রযুক্তি অংশীদার VistaShare এর সঙ্গে তথ্য শেয়ার করার সম্মতি প্রদান করছি।
- ☐ আমি NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম এর স্কলারশিপ অংশে আমার শিক্ষার্থীর অংশগ্রহণ বাতিল করতে চাই। আমি চাই যে NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম এর স্কলারশিপ অ্যাকাউন্টে আমার শিক্ষার্থীকে বরাদ্দ করা যে কোনো অর্থ NYC Kids RISE-কে ফেরত দেওয়া হোক।

আপনার শিক্ষার্থীর স্কুল সেক্রেটারির কাছে জমা দেওয়ার আগে অনুগ্রহ করে নিম্নলিখিত তথ্য প্রদান করুন।

**শিক্ষার্থীর পুরো নাম:**
**শিক্ষার্থীর অফিসিয়াল ক্লাস:**
**স্কুলের নাম:**
**পিতা-মাতা/অভিভাবকের মুদ্রিত নাম:**
**পিতা-মাতা/অভিভাবকের স্বাক্ষর:**
**তারিখ:**

**OFFICE NOTE:** ***Keep all returned Forms in the student's Cumulative Folder indefinitely.***